কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেটে সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 19 AUGUST 2026 ,WEDNESDAY | ১৯ আগস্ট ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-256

## বন্যা কবলিত ভগবানপুর , চন্ডিপুর ও পটাশপুর পরিদর্শনে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,পূর্ব মেদিনীপুর ,১৮ আগস্ট :** অতি বৃষ্টিতে পূর্ব মেদিনীপুরের বন্যা কবলিত ভগবানপুর ,চন্ডিপুর ও পটাশপুর এর জলমগ্ন এলাকা মঙ্গলবার পরিদর্শন করলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল । মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন ,"বন্যার জলে পটাশপুরের মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হয়েছে। আজ তাদের সাথে কথা বলে দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় বিষয়গুলি সম্পর্কে বিস্তারিত জানলাম।ত্রিপল ,শুকনো খাবার ,খিচুড়ি ,ভাত ,ডিম ,পানীয় জল ,ঔষধ থেকে শুরু করে অন্যান্য জরুরি প্রয়োজনীয় কোন কিছুতেই যাতে মানুষের অসুবিধা না হয় ,তা নিশ্চিন্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে। এই কঠিন সময়ে মানুষের পাশে দাঁড়িয়ে দ্রুত সহায়তা পৌঁছে দেওয়াই আমাদের প্রধান লক্ষ্য। মানুষজনদের সাথে কথা বলে তাদের অসুবিধা গুলো দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রশাসনিক আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়াও পশ্চিম মেদিনীপুরের ১৬ টি ত্রাণ শিবিরে ৭৬৯ জন মানুষ আশ্রয় নিয়েছে। অতিবৃষ্টিতে ত্রিশ হাজার হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে।"

## শিলিগুড়িতে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ,সভাস্থল পরিদর্শনে রাজ্য পুলিশের ডিজি



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৮ আগস্ট :** ভারতীয় ন্যায় সংহিতা ও নতুন ফৌজদারি আইন সম্পর্কে সাধারন মানুষকে সচেতন করতে শিলিগুড়ির কাওয়াখালি ময়দানে চলতি মাসের ২১ তারিখ থেকে ২৬ তারিখ পর্যন্ত এক বিশেষ কর্মসূচি আয়োজিত হবে। উক্ত কর্মসুচির উদ্বোধন করতে শিলিগুড়ি আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ, সাথে থাকবেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। জানা গেছে পাঁচদিন ব্যাপী এই কর্মসূচিতে নাটক,প্রদর্শনী ও বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে নতুন ফৌজদারি আইন ও ভারতীয় ন্যায় সংহিতার পাঁচটি স্তম্ভ সম্পর্কে সাধারন মানুষকে সচেতন করা হবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর এই সফরকে কেন্দ্র করে পুলিশ ও প্রশাসনের ব্যাপক তৎপরতা শুরু হয়েছে। মঙ্গলবার অনুষ্ঠানস্থল পরিদর্শনে আসেন রাজ্য পুলিশের ডিজি সিদ্ধিনাথ গুপ্তা। তিনি এদিন অনুষ্ঠানস্থলের প্রবেশ ও প্রস্থান পথ,পার্কিং ব্যবস্থা সহ নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন। পুলিশ ও প্রশাসনিক কর্তাদের সাথে অনুষ্ঠান স্থলের নিরাপত্তা সহ সার্বিক বিষয়ে আলোচনা কররে ডিজি জানান অনুষ্ঠানে ব্যাপক জনসমাগম হবে বলে আশা করা যাচ্ছে,তাই নিরাপত্তা ব্যবস্থা যাতে নিশ্ছিদ্র ও নিখুঁত হয় সে বিষয়ে পুলিশ ও প্রশাসনিক কর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে।

## রাজ্যজুড়ে পঞ্চাশ লক্ষ বৃক্ষরোপণের মাধ্যমে "সবুজ স্বাধীনতা" কর্মসূচীর শুভ সূচনা করলেন মুখ্যমন্ত্রী



**মলয় দেবনাথ ,এই যুগ ,কলকাতা ,১৮ আগস্ট :** স্বাধীনতার ৮০ তম বর্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর "একটি গাছ মায়ের নামে" ভাবনাকে সামনে রেখে মঙ্গলবার রাজ্যজুড়ে পঞ্চাশ লক্ষ বৃক্ষরোপণের মাধ্যমে "সবুজ স্বাধীনতা" কর্মসূচীর শুভ সূচনা হল । কলকাতার মোহরকুঞ্জ প্রাঙ্গণে "সবুজ স্বাধীনতা" কর্মসূচী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ,বন ও পরিবেশ দপ্তরের মন্ত্রী মনোজ কুমার ওঁরাও এবং পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। এদিন মুখ্যমন্ত্রী নিজে হাতে চারা গাছ লাগিয়ে "সবুজ স্বাধীনতা" কর্মসূচীর সূচনা করেন। এদিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী পশ্চিমবঙ্গ জুড়ে ৫০ লক্ষ চারা গাছ রোপন করার কথা ঘোষণা করেন । পাশাপাশি বনদপ্তরের বিভিন্ন শ্রেণীর কর্মকর্তাদের বেতন বৃদ্ধির কথাও ঘোষণা করেছেন। রাজ্যের বন মন্ত্রী মনোজ কুমার ওঁরাও জানিয়েছেন অন্যান্য দপ্তরের মধ্যে বনদপ্তরের দিকে গুরুত্ব সহকারে দেখছেন। রেঞ্জ অফিসার বিট অফিসার থেকে শুরু করে বিভিন্ন শ্রেণীর বনকর্মীদের বেতন বাড়িয়ে দেওয়া হয়েছে। বন সহায়কদের বেতন বাড়ানো হয়েছে ২০০০ টাকা করে।

## উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি ,গ্রেপ্তার এক



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,১৮ আগস্ট :** মুর্শিদাবাদ জেলা পুলিশের ডোমকল থানার পুলিশ মঙ্গলবার দুপুরে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। ধৃতের হেফাজত থেকে উদ্ধার করে তিনটি আগ্নেয়াস্ত্র, পাঁচ রাউন্ড গুলি। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পাঠানো হয়েছে। পুলিশের অনুমান ধৃত ব্যক্তি বে আইনী অস্ত্র পাচার চক্রের সাথে জড়িত। এই চক্রের অন্যান্য সদস্যদের খোঁজে পুলিশ অভিযান জারী রেখেছে বলে জানিয়েছে পুলিশ।

# মহিষ পাচারে অভিযুক্তদের আদালতে পাঠিয়েছে পুলিশ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট :** রফিকুল ইসলাম ও অম্বর আলিকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। গতকাল সোমবার ৩১ নম্বর জাতীয় সড়কের শামুকতলা রোডে নাকা চেকিং করতে গিয়ে নয়টি মহিষ সমেত দুজনকে গ্রেফতার করে পুলিশ আটক করা হয় আসাম নম্বরের একটি পিকআপ ভ্যান কে। গ্রেফতার করা হয়েছে অসমের নলবারি এলাকার দুজন ব্যক্তিকে। মঙ্গলবার তাদের আদালতে পাঠানো হয়েছে। তাদেরকে পুলিশ রিমান্ডে আনা হবে জানিয়েছেন শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক।

# মহিষ বোঝাই পিক আপ ভ্যান আটক করলো শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট :** গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে একটি পিকআপ ভ্যান আটক করে শামুকতলা রোড ফাড়ির পুলিশ। উদ্ধার করা হয় মাঝেরডাবড়ী থেকে দশটি মহিষ । ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানা এলাকায়। সোমবার বিকেল দুটো নাগাদ ৩১ নম্বর জাতীয় সড়কের সামর্থলা রোডে নাকা চেকিংয়ে নয়টি মহিষ বোঝাই একটি পিকআপ ভ্যান আটক করার ২৪ ঘন্টার মধ্যেই অপর একটি পিকআপ আটক করেছে পুলিশ উদ্ধার হয়েছে দশটি মহিষ। যদিও এর মধ্যে দুটি মহিষ গাড়িতে মৃত অবস্থায় পাওয়া যায়। গ্রেফতার করা হয়েছে গাড়িতে থাকা চালক এবং সহকারী চালককে। পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ শুরু করেছে।

# ব্রাউন সুগার সহ গ্রেফতার দুজন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট :** আলিপুরদুয়ার থানার অন্তর্গত দক্ষিণ চকোয়াক্ষেতিতে নাকা চেকিং চলাকালীন একটি মারুতি ওমনি ভ্যান সহ দুই ব্যক্তিকে আটক করে আলিপুরদুয়ার পুলিশ। এনডিপিএস আইনের সমস্ত নির্ধারিত নির্দেশিকা অনুসরণ করে আলিপুরদুয়ার এক ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিকের উপস্থিতিতে তল্লাশি চালানো হয়। তল্লাশিতে ১০৯ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার করা হয়েছে আটক করা হয়েছে ওমনি মারুতি ভ্যানটি। এছাড়াও তিনটি মোবাইলসহ তাদের পরিচয় পত্র উদ্ধার হয়েছে। পুলিশ তাদের বিরুদ্ধে মামলা শুরু করেছে এবং জিজ্ঞাসাবাদ চলছে।

# শামুকতলায় ট্রাক্টর চুরি নিয়ে চাঞ্চল্য




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট :** চুরি হওয়ার কয়েক ঘণ্টার মধ্যে ট্রাক্টর উদ্ধার করল শামুকতলা থানার পুলিশ। চুরির ঘটনা নিয়ে তদন্ত শুরু হয়েছে শামুকতলা থানার পুলিশের। পুলিশ সূত্রে জানা গেছে শামুকতলা থানার ঢিপধুরা এলাকা থেকে সোমবার গভীর রাতে ট্রাক্টর টি চুরি হয়ে যায়। মঙ্গলবার সকালে ট্রাকটার চুরির ঘটনা প্রকাশ্যে আসতেই পুলিশের কাছে অভিযোগ দায়ের করা হয়। পুলিশ ঘটনার তদন্ত করতে গিয়ে রায়ডাক এলাকা থেকে ট্রাকটারটি উদ্ধার করা হয় তবেই ঘটনার সঙ্গে কারা জড়িত আছে তাই নিয়ে পুলিশ তদন্ত শুরু করেছে।

# অধ্যাপিকার বিরুদ্ধে অভিযোগ ,কলেজ পড়ুয়াদের বিক্ষোভ আলিপুরদুয়ারে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট :** অধ্যাপিকার বিরুদ্ধে একাধিক অভিযোগ তুলে সরব হলেন আলিপুরদুয়ার বিবেকানন্দ কলেজের এডুকেশন বিভাগের শিক্ষার্থীরা। মঙ্গলবার অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের আলিপুরদুয়ার নগর ইউনিটের মাধ্যমে অধ্যক্ষকে ডেপুটেশন জমা দেন তাঁরা। পড়ুয়াদের অভিযোগ, সংশ্লিষ্ট অধ্যাপিকা একইসঙ্গে তৃণমূল কংগ্রেসের কাউন্সিলর। রাজনৈতিক প্রভাব খাটিয়ে পড়ুয়াদের মানসিকভাবে চাপ দেওয়া, পরীক্ষায় কম নম্বর দেওয়া এবং প্রিন্সিপালের কাছে অভিযোগ না জানানোর জন্য হুমকি দেওয়া হয় বলে অভিযোগ।শিক্ষার্থীদের দাবি, গত চার-পাঁচ বছর ধরে এই ধরনের ঘটনা চলছে। অভিযোগের নিরপেক্ষ তদন্ত করে দ্রুত ব্যবস্থা নেওয়ার দাবিতেই এদিন তাঁদের এই ডেপুটেশন। তবে অধ্যাপিকার পক্ষ থেকে এখনও কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

# চা বাগানে আর্থ মুভারের চাকার নীচে পড়ে মৃত্যু এক শিশুর ,উত্তেজনা এলাকায়



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার বীরপাড়া থানার নাংডালা চা বাগানে আর্থ মুভার যন্ত্রের চাকার নীচে পড়ে মৃত্যু হয় এক শিশুর। মৃত শিশুর নাম মোহিত খাড়িয়া,বয়স এগারো বছর। জানা গেছে নাংডালা চা বাগানের মাঝখান দিয়ে উত্তর পূর্ব সীমান্ত রেলের রেললাইন রয়েছে। রেললাইনের জমি জবর দখল রুখতে সেখানে রেলের সীমানা বরাবর প্রাচীর নির্মান, মাটি খনন,মাটি ভরাট ও জমি সমান করার কাজ চলছে। এই কাজের জন্য সেখানে আর্থমুভার বা জেসিবি যন্ত্রের ব্যবহার হচ্ছে। সোমবার বিকালে জেসিবি যন্ত্রের সাহায্যে কাজ চলছিলো সেই সময় সেখানে কয়েকটি শিশু খেলছিলো। মোহিত আচমকাই জেসিবির চাকার নীচে চাপা পড়ে বলে জানান স্থানীয়রা। এরপর স্থানীয়রা মোহিতকে উদ্ধার করে বীরপাড়া সাধারন হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক মোহিতকে মৃত ঘোষনা করেন। এ খবর ছড়িয়ে পড়তেই এলাকায় ব্যপক উত্তেজনার সৃষ্টি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বীরপাড়া থানার পুলিশ ও আর পি এফ কর্মীরা। স্থানীয়দের অভিযোগ জেসিবির চালক সুযোগ বুঝে জেসিবি রেখেই পালিয়ে যায়। পুলিশ ও আর পি এফ ঘটনার তদন্ত শুরু করেছে। জেসিবি ব্যবহারের সময় নিরাপত্তামুলক কি কি ব্যবস্থা নেওয়া হয়েছিলো, জেসিবি দিয়ে কাজের সময় কর্মস্থলে শিশুদের প্রবেশে নিষেধাজ্ঞা ছিলো কিনা সেসব বিষয়ে খোঁজ খবর নিচ্ছে পুলিশ ও আর পি এফ। শিশুর এই মর্মান্তিক মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে এলাকায়।

# শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৮ আগস্ট :**শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন সমস্ত থানা,আউট পোস্ট,ট্রাফিক গার্ড,ট্রাফিক আউট পোস্ট গুলিতে মঙ্গলবার উদযাপিত হয় এক দিবসীয় বৃক্ষরোপণ কর্মসূচি। এদিনের কর্মসুচিতে পুলিশ কর্মীরা সক্রিয়ভাবে অংশ গ্রহন করেন। সবুজায়ন বৃদ্ধি,পরিবেশ সচেতনতা ও পরিবেশের প্রতি দায়বদ্ধতা গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। একটি গাছ লাগান, জীবনকে সুন্দর করে তুলুন,গড়ে তুলুন সবুজ আগামী এই বার্তাও প্রতিটি মানুষের দেন পুলিশ কর্মীরা।

# বিনা প্রতিদ্বন্দ্বিতায় মালদহের মাণিকচক পঞ্চায়েত সমিতি দখল করলো বিজেপি




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,১৮ আগস্ট :** মঙ্গলবার বিনা প্রতিদ্বন্দ্বিতায় মালদহ জেলার মাণিকচক পঞ্চায়েত সমিতি দখল করলো বিজেপি। বিগত পঞ্চায়েত নির্বাচনে এই পঞ্চায়েত সমিতিতে তৃণমূল ১৮,বিজেপি ৯,জাতীয় কংগ্রেস তিন ও সি পি আই এম দুটি আসন লাভ করে। তখন তৃণমূল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন করে ও পঞ্চায়েত সমিতির সভাপতি পদে পিঙ্কি মন্ডল ও সহকারী সভাপতি পদে আমিনা খাতুন নির্বাচিত হন। সম্প্রতি রাজ্যে পালা বদলের পর তৃণমূলের বিক্ষুব্ধ সদস্যরা সভাপতি ও সহকারী সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনেন। অনাস্থা প্রস্তাবের পরিপ্রেক্ষিতে মঙ্গলবার ছিলো সভাপতি ও সহকারী সভাপতি পদে নির্বাচন। জানা গেছে এদিনের নির্বাচনে বিজেপি প্রার্থীদের বিরুদ্ধে কোনো দলই প্রার্থী দেয়নি এবং কংগ্রেস এর সদস্য গন নির্বাচনী প্রক্রিয়ায় অংশ গ্রহন না করায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজেপি প্রার্থীরা নির্বাচিত হন। সভাপতি পদে রিঙ্কু মন্ডল ও সহকারী সভাপতি পদে পল্লবী মন্ডল নির্বাচিত হন। পঞ্চায়েত সমিতি দখলে আসায় এলাকার বিজেপি কর্মী সমর্থকদের মধ্যে ব্যপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |